মেহেরপুরে প্রকাশিত সংবাদের প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুরে প্রকাশিত সংবাদের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে সোহেল রানা নামের একজন। সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সোহেল রানা মেহেরপুর সদর উপজেলার টেংরামারী গ্রামের আব্দুর রশিদ মন্টুর ছেলে।

সংবাদ সম্মেলনে সোহেল রানা বলেন, গত ১৪ আগষ্ট মেহেরপুর নিউজ ও ১৫ আগষ্ট দৈনিক মাথাভাঙ্গা প্রত্রিকায়“ সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার চেয়ারম্যানের মোবাইল ফোনে চাঁদাবাজির অভিযোগ” শিরোনামে একটি সংবাদ প্রকাশ হয়। যা সম্পুর্ন মিথ্যা ও বানোয়াট।

আমাকে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার জন্য একটি মহল সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য দিয়েছে। আমি এই সংবাদের তিব্র প্রতিবাদ জানাচ্ছি।

জনতার হাতে ধরা পড়লো ছাগল চোর

রবিবার দুপুর ২টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রাম থেকে অটোতে করে ছাগল চুরি করে নিয়ে পালানোর সময় ভাটপাড়া গ্রামের কয়েকজন যুবক মোটর বাইক নিয়ে তাড়া করলে আলী আজগর মেম্বারের বাড়ির পাশ থেকে অটোসহ ৩ জনকে আটক করে ভাটপাড়া প্রাইমারি স্কুলে আটকে রাখে স্থানীয় জনতা।

বিভিন্ন সূত্রে জানা যায় মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামের রুবেল(২২),সবুজ(২২),রকি(২২) ছাগল চুরি করে পালালে আটক করে ভাটপাড়া গ্রামের কিছু যুবক।

উল্লেখ্য ৮ জুলাই কলাইডাঙ্গা গ্রামের শ্রাবনদের ৩টি ছাগল চুরি হয়, এছারাও বারাদী অঞ্চলের অনেক ছাগল চুরি হয়েছে।

গাংনীর মাথাভাঙ্গা নদীতে স্কুল ছাত্র নিখোঁজ

মেহেরপুরের গাংনীর পীরতলা সংলগ্ন মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে নিখোঁজ হয়েছে স্কুল ছাত্র তামিম(১২)। রোববার দুপুরে সে খেলার সাথীদের নিয়ে গোসল করতে গেলে নিখোঁজ হয়। তামিমকে উদ্ধারে খুলনার ডুবুরীদলকে তলব করা হয়েছে।

তামিম গাংনীর কাজীপুর গ্রামের কাবের আলীর ছেলে ও স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির ছাত্র।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, তামিম তার নানা বাড়ি পীরতলা গ্রামে বেড়াতে আসে। রোববার দুপুরে সাথীদের সাথে নদীতে গোসল করতে গিয়ে নিখোঁজ হয়।

পরিবারের লোকজন জানতে পেরে ফায়ার সার্ভিসে খবর দিলে একটি টিম ঘটনাস্থলে গিয়ে উদ্ধার তৎপরতা চালিয়ে ব্যর্থ হয়। পরে খুলনার ডুবুরী দলকে তলব করা হয়েছে।

মুজিবনগরে সরস্বতী খালে মাছ অবমুক্তকরণ ও বৃক্ষরোপণের উদ্বোধন

মুজিবনগরে সরস্বতী খালে মাছ অবমুক্তকরণ ও খালের পাশ দিয়ে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

রবিবার বিকালে চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডের আয়োজনে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসাবে

উপস্থিত থেকে মাছ অবমুুক্তকরণ ও বৃক্ষরোপণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ ইসলাম,

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী আলমগীর হুসাইন, জহিরুল লিমিটেড ঠিকাদারী প্রতিষ্ঠানের চেয়ারম্যান জহিরুল ইসলাম,পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস প্রমুখ।

এ সময় সরস্বতী খালে ২ মণ মাছের পোনা অবমুক্তকরণ ও খালের চারপাশ দিয়ে বৃক্ষরোপণের উদ্বোধন করা হয়।

সরকারি খাল ইজারা দিলেন মাতবররা !

মুজিবনগরের সোনাপুর, নাজিরাকোনা, বল্লবপুর, ভবেরপাড়া, কেদারগঞ্জ ও মানিকনগর হয়ে ভৈরবে প্রবেশ করেছে সরস্বতী খাল। এর মধ্যে সোনাপুর গ্রামের ভিতর দিয়ে ভারত পর্যন্ত প্রায় দুই কিলো মিটার।

উচ্চ আদালতে মামলা চলমান থাকায় ওই অংশটুকু খনন করতে বাকি রয়েছে। আর সেই সুযোগে সরকারি ওই খাল গ্রামের কিছু মাতবর শাহিন আলম নামের এক ব্যক্তির কাছে অবৈধভাবে অলিখিত লিজ দিয়েছেন এক বছরের জন্য।

জেলা ও উপজেলা প্রশাসন থেকে জানানো হয়েছে সরকারি খাল লিজ দেওয়ার কোন বৈধতা নেই। প্রশাসনের চোখকে ফাঁকি দিয়েই এ লিজ দেওয়া হয়েছে।

সোনাপুর মাঝপাড়া নামক এক জায়গায় ঐ গ্রামের হাবিবুর রহমান নামের এক ব্যাক্তির সাথে সরস্বতী খালের জমি নিয়ে উচ্চ আদালতে মামলা

বিচারাধীন। এ কারনে খালের কিছু অংশ খনন করা স্থগিত করেছে উপজেলা প্রশাসন। মামলা চলা জমি খনন না করার ফলে খালের মাঝ বরাবর একটি বাধের সৃষ্টি হয়েছে। এতে পানি চলাচল করতে পারেনা। এ সুযোগকে কাজে লাগিয়ে সোনাপুর গ্রামের কিছু মাতবরের যোগসাজসে ঐ দুই কিলোমিটার খাল ৩ লাখ ৬৫ হাজার টাকায় অবৈধভাবে ইজারা দিয়েছে বলে জানা গেছে। সোনাপুর গ্রামের রমজান আলীর ছেলে শাহিন আলম স্থানীয় নেতাদের কাছে ৩ লাখ ৬৫ হাজার টাকা দিয়ে খালটি দখলে রেখেছে।

মেহেরপুরের মুজিবনগর উপজেলার সরস্বতী খাল। পার্শ¦বর্তি দেশ ভারত থেকে বাংলাদেশের মুজিবনগর উপজেলায় প্রবেশ করেছে। উপজেলার বিভিন্ন গ্রাম বেয়ে ভৈরবে পতিত হয়েছে। কালের বিবর্তনে নাব্যতা হারানো খালটি ২০১৯ সালে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর হস্তক্ষেপে পুন:খনন এর উদ্যোগ নেওয়া হয়। ২০১৯ সালের ৪ এপ্রিল জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পুন:খননের উদ্বোধন করেন। খালটি ৭ কোটি ৭০ লাখ টাকা ব্যায়ে প্রায় ১০ কিলোমিটার খনন করা হয়। এতে খালটি পুর্ণ যৌবন ফিরে পায়। বেড়ে যায় তার বয়ে চলার গতি।

শাহিন বিষয়টি স্বীকার করে জানান, আমি কিনেছি। টাকাটা গ্রামের মসজিদ উন্নয়নের কাজে ব্যাবহার হচ্ছে। সরকারি খাল কিভাবে কিনলেন জানতে চাইলে তিনি বলেন, গ্রামের মাতবরেরা আমাকে কেনার সাহস দিয়েছে। এছাড়াও মসজিদ কমিটির সদস্যরা সেখানে উপস্থিত ছিলেন। সরস্বতী খাল বিক্রির বিষয়ে সরেজমিনে গেলে সোনাপুর মাঝপাড়া গ্রামের আনারুল জানান, ইতিমধ্যে ৩ ব্যারেল মাছ ছাড়া হয়েছে। এটা সরকারিভাবে না ব্যাক্তিগত ভাবে মাছ অবমুক্ত করা হয়েছে জানতে চাইলে তিনি বলেন ব্যাক্তিগত ভাবে ছাড়া হয়েছে। এসময় আব্বাস আলী নামের এক কথিত নেতা সাংবাদিকদের উপর চড়াও হয়। সেই সাথে খাল বিক্রির সংবাদ প্রকাশ না করার জন্য সাংবাদিকদের হুমকি দেন।

সোনাপুর মাঝ পাড়া মসজিদ কমিটির ক্যাশিয়ার ওমর আলী জানান, আমরা গ্রামের কয়েকজন মিলে সিদ্ধান্ত নিয়ে খালটি বিক্রি করেছি। এই টাকা মসজিদ উন্নয়নের জন্য ব্যাবহার হচ্ছে।
সোনাপুর মাঝপাড়ার মসজিদ কমিটির উপদেষ্টা নিয়াজ উদ্দিন জানান, সম্প্রতি মসজিদটি নির্মান বাবদ বেশ কিছু টাকা খরচ হয়েছে। প্রতিবছরই ঐ খাল থেকে গ্রামবাসী কিছু অর্থ উপার্জন করে। এ বছরও কিছু টাকার বিনিময়ে খাল একজনের দায়িত্বে দেওয়া হয়। যে টাকা গুলো মসজিদ ডেকোরেশন ও ইমাম সাহেবের বেতন বাবদ খরচ করা হচ্ছে।

তবে অবৈধভাবে উপার্জন করা অর্থ দিয়ে ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন

করা নিয়ে অনেকেই বিষয়টি বাকা চোখে দেখছে। সামাজিক দৃষ্টিকোন থেকেও বিষয়টি বেশ অসম্মানের বলছেন অনেকেই।
স্থানীয় ইউপি সদস্য সোহরাব হোসেন জানান, এ বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে গেলে তিনি আমাকে খোঁজ নিতে বলেন। আমি খোঁজ নিয়ে দেখেছি বিষয়টি সত্য। এজন্য গ্রামের কিছু লোকজন বৈধ করার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা উসমানি গনির কাছে যায়। কিন্তু স্যার এ বিষয়ে তাদের উপর চাপ সৃষ্টি করেন। কিভাবে সরকারি খাল বিক্রি করলেন এমন প্রশ্ন করেন। তারপরি গ্রামের লোকজন ফিরে আসে। এখন সে অবস্থাতেই আছে।

মুজিবনগরে নবনিযুক্ত উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, খালের বিষয়টি আমার জানা নেই। তবে সরকারি খাল কোনভাবেই গ্রামের লোকজন কাউকে ইজারা দিতে পারবে না। যদি কেউ টাকার বিনিময়ে সরকারি সম্মত্তি অবৈধভাবে ইজারা নেয় তবে এর সাথে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এ বিষয়ে বলেন, সরস্বতি খালের বিষয়ে কিছু জমি নিয়ে হাই কোর্টে মামলা চলছে। আমরা বিষয়টি নিস্পত্তি করার জন্য চেষ্টা করছি। এছাড়াও ইজারার বিষয়টি আমরা দেখবো। ছোট খাটো যে সমস্যা গুলো আছে সেগুলো দ্রুত সমাধান করার চেষ্টা করবো।

মেপ্র/এমএফআর

গাংনীর সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে শাহাদাত বার্ষিকী পালন

মেহেরপুরের গাংনী উপজেলা সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার রুপকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সন্ধ্যায় সাহারবাটি চারচারা বাজারে সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগ দোয়া মাহফিল, আলোচনা সভা ও কাঙ্গালি ভোজ বিতরণ করেন।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আতাউর রহমান খানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মোরশেদ অতুল, থানা আওয়ামী লীগের ত্রাণ বিষয়ক সম্পাদক আব্দুল গফুর, ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ওমর আলী, কৃষকলীগের ওয়ার্ড কমিটির সাধারণ সম্পাদক নুরুল ইসলাম।

ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক দারুল ইসলাম এর সার্বিক সহযোগিতায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তাওহীদুর রহমান মুক্তি,দানেছূর রহমান সহ স্থানীয় আওয়ামী লীগের নেতা কর্মীবৃন্দ।

আলোচনা সভা দোয়া মোনাজাত ও শিশু কিশোর সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে কাঙ্গালি ভোজ বিতরণ করা হয়।

বারাদী বাজারে করোনা ভাইরাসের জীবাণু নাশক টানেল স্থাপন

হেল্পিং হ্যান্ড ফাউন্ডেশনের উদ্দ্যোগে করোনা ভাইরাস (কোভিড-
১৯) এর জীবাণু ধংসের উদ্দেশ্যে করোনা জীবাণু নাশক টানেল স্থাপন করা হয়।

শনিবার বিকাল ৫টার সময় মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারের বারাদী ইউনিয়ন পরিষদের পাশে করোনা জীবাণু নাশক টানেল স্থাপন করা হয়।

রকি আহম্মদের সভাপতিত্বে, শাপলা ফ্যাশনের সহযোগিতায় করোনা ভাইরাসের জীবাণু নাশক টানেল স্থাপন করেন হেল্পিং হ্যান্ড ফাউন্ডেশন।

করোনা জীবাণু নাশক টানেল উদ্বোধন করেন বারাদী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন আরও উপস্থিত ছিলেন হেল্পিং হ্যান্ডফাউন্ডেশনের সদস্যবৃন্দ।

মুজিব বর্ষ উপলক্ষে আশা এনজিওর বৃক্ষ রোপন কর্মসূচী

গাংনীর গাড়াবাড়ীয়া তে মুজিব বর্ষ উপলক্ষে আশা এনজিওর পক্ষ থেকে বৃক্ষ রোপন করা হয়।

বৃক্ষ রোপন কর্মসূচি সূচি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

আরো উপস্থিত ছিলেন আশা এনজিওর কাথুলী শাখার বি এম ম্যানেজার মোঃ জামাল হোসেন বিশ্বাস, হাফিজুল ইসলাম,জয়নাল আবেদিন জিনারুল ইসলাম সহ আরো অনেকে।

বৃক্ষ রোপন কর্মসূচি অনুস্ঠানে বক্তব্য মিজানুর রহমান রানা জানান, প্রাকৃতিক পরিবেশ ঠিক রাখতে ও আবহাওয়া ঠিক রাখতে বৃক্ষ রোপন অতিব গুরুত্বপূর্ণ তাই আমরা সকলে যে যার স্থান থেকে বাড়ির আঙিনায় থেকে শুরু করে সকল স্থানে বৃক্ষ রোপন করবেন।

ম্যানেজার জামাল উদ্দিন বিশ্বাস জানান, মুজিব বর্ষ উপলক্ষে আশা এনজিওর পক্ষ থেকে সারা বাংলাদেশে আজকে একই সাথে বৃক্ষ রোপন কর্মসূচি চলছে সেই সুবাদে আজকের এই আয়োজন। তবে আমরা বেশি বেশি বৃক্ষ রোপন করবো পরিবেশ ঠিক রাখবো।

মেহেরপুরের কুতুবপুরে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের কুতুবপুর গ্রামে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে যুবলীগ নেতা আরিফুর রহমান আরিফের পরিচালনায় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যডভোকেট শাহীন উজ্জামান শাহীন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন, জেলা পরিষদ সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক মনোয়ার হোসেন মজনু, ফয়সাল,গোলাম,ওহাব সহ আরো অনেকে। অনুষ্ঠান শেষে তাবারক বিতরণ করা হয়।

মেহেরপুরে করোনায় হার্ডওয়ার ব্যবসায়ীর মৃত্যু

করোনা আক্রান্ত হয়ে মেহেরপুরে কলিমুদ্দীন নামের এক হার্ডওয়ার ব্যবসায়ীর মৃত্যু হয়েছে।

শুক্রবার দিবাগত মধ্যে রাতে রাত মৃত্যু হয়। সে মেহেরপুর শহরের ঈদগাঁ পাড়ার বাসিন্দা। এ নিয়ে করোনা আক্রান্ত হয়ে মেহেরপুর জেলায় ৯ জনের মৃত্যু হয়েছে।

স্থানীয়রা জানায়,সম্প্রতি করোনা সনাক্ত হওয়ার পর নিজ বাড়িতে সঙ্গ নিরোধ অবস্থায় ছিলেন কলিমুদ্দীন। অবস্থার উন্নতি না হওয়ায় মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন তিনি। বৃহস্পতিবার রাতে তার অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কুস্টিয়া জেনারেল হাসপাতালে নেয়া হয়ে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।

মৃত্যু’র বিষয়টি নিশ্চিত করেছে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার

পরিকল্পনা কর্মকর্তা ডা: অলক কুমার। তিনি জানান,বিধি মোতাবেক লাশ ইসলামী ফাউন্ডেশনের কর্মীরা জানাজা শেষে লাশ দাফন করবে।